

# চারিতে ৭ সংগঠনের ধর্মঘট প্রত্যাহার আজ থেকে ক্লাস শুরু

৥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ৥

ছাত্রলীগসহ সাত সংগঠন ধর্মঘট প্রত্যাহার করে নেয়ার আজ মঙ্গলবার থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে নিয়মিত ক্লাস শুরু হচ্ছে। গতকাল সোমবার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে প্রেসেটিনা ফলগ্রন্থ হওঁয়ায় ধর্মঘট প্রত্যাহারের ঘোষণা দেয়া হয়। তবে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ১১ জুলাই পর্যন্ত সকল পরীক্ষা স্থগিত ঘোষণা করেছে। ১২ জুলাই থেকে পূর্ব নির্ধারিত (১৯শ পৃঃ ৬-এর কঃ ৫ঃ)

৩১/৬/৬১

(প্রথম পৃঃ পর)

পরীক্ষা শুরু হবে। সাত সংগঠনের নেতা-কর্মীদের উপর হুমকাকারী ছাত্রদল নেতা-কর্মীদের বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কারসহ পাঁচ দফা দাবিতে গত শনি ও রবিবার সাত সংগঠন ঢাকা বিশ্ববিদ্যালয়ে ধর্মঘট ভেঙে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে আশ্চিন্দেতাঁয় দেয়। দু'দিনের মধ্যে তাদের দাবি পূরণ না হওঁয়ায় তারা ধর্মঘট অব্যাহত রাখার ঘোষণা দেয়। অব্যাহত ধর্মঘট ঘোষণা দেয়ার পর প্রথমদিনে গতকাল দুপুরে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে সাত সংগঠনের আলোচনা হয়। সেখানে নেতৃবৃন্দ পাঁচ দফা বাস্তবায়নের দাবি জানান। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দাবিপূরণ কার্যকরের প্রতিশ্রুতি গতকাল থেকেই শুরু করেছে। কর্তৃপক্ষ হুমলার ঘটনায় দশনি বিতরণের এম রহমান হলের ২০০২-২০০৩ শিক্ষা বর্ষের ছাত্র (৩য় বর্ষ) শামীম রেজাকে বিশ্ববিদ্যালয় থেকে সাময়িক বহিষ্কার করেছে। তদন্ত রিপোর্ট অনুযায়ী পর্যায়ক্রমে দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। হল থেকে বিতাড়িত সাত সংগঠনের নেতা-কর্মীদের হলে উঠানোর প্রতিশ্রুতিও শুরু হয়েছে। গতকাল ছাত্রলীগের অনেক নেতা-কর্মী হলে উঠেছে। এছাড়া আহতদের ক্ষতিপূরণ প্রদান এবং হ্যাপির নামে সড়কের নামকরণের দাবিও পর্যায়ক্রমে বাস্তবায়ন করা হবে।

গতকাল বৈঠকে বিশ্ববিদ্যালয়ের জিনি অধ্যাপক এস এম এ ফয়েজ, প্রো-ভিসি অধ্যাপক আচম ইউনুস হারুনর, তারুজ্ঞও প্রক্টর সিনিকুহ রহমান-বানসহ সহকারী প্রক্টরবৃন্দ উপস্থিত ছিলেন। ছাত্র সংগঠনগুলোর পক্ষে ছাত্রলীগ সভাপতি নিয়াকত শিকদার, সাধারণ সম্পাদক নজরুল ইসলাম বাবু, জামদ ছাত্রলীগ সভাপতি পরিফুল কবির শপন, সাধারণ সম্পাদক অসী হাসান তরুণ প্রমুখ নেতা উপস্থিত ছিলেন। আলোচনা শেষে তিনি বলেন, সাত সংগঠনের সঙ্গে আলোচনা ফলগ্রন্থ হয়েছে। তিনি শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করার জন্য সকলের প্রতি আহবান জানান। ছাত্রলীগ সাধারণ সম্পাদক নজরুল ইসলাম বাবু বলেন, কর্তৃপক্ষ আমাদের দাবিপূরণ বাস্তবায়নের আহ্বান দেয়ার ধর্মঘট প্রত্যাহারের সিদ্ধান্ত নিয়েছি। তিনি বলেন, প্রধানমন্ত্রীর নামে ছাত্রী হলের নামকরণের সিদ্ধান্ত পরিবর্তন করা না হলে ছাত্রলীগ ছাত্রনায়ককে নিয়ে তা প্রতিহত করবে।

ধর্মঘটের প্রতিবাদে ছাত্রদলের মিছিল

ছাত্রলীগ আহুত ধর্মঘটের প্রতিবাদ জানিয়ে ছাত্রদল গতকাল ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে। অপরহুজয় বাংলার পাদদেশে অনুষ্ঠিত সমাবেশে হাসান হামুনের সভাপতিত্বে ছাত্রদল সাধারণ সম্পাদক সফিউল বাবী বাবু, সহ-সভাপতি সুলতান সালাজুদ্দিন টুকু, জয়ন্ত কুমার কুও, মোস্তফা বান সফরী, আব্দুল কাদের জুয়েল, হের ফারুক সফিন, দুলাল হোসেন, সাইদুল ইসলাম সিরোজ প্রমুখ নেতা বক্তব্য রাখেন। সমাবেশে নেতৃবৃন্দ বলেন, ছাত্রলীগের এ ধর্মঘট শিক্ষা ধর্মঘটের ঘড়ঘড়ের অংশ। এর আগে সকাল ১১টায় ছাত্রলীগসহ সাত সংগঠন ধর্মঘটের সমর্থনে ক্যাম্পাসে মিছিল শেষে কলাভবনের দূর ফটকে সমাবেশ করে।